



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.cptu.gov.bd

২১.০০.০০০০.৩৬৩.২৭.২৪৯.২০-৭৭৯

তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৭
১৪ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ বিএডিসি সেচ প্রকল্পের দরপত্রে ইউকল কর্তৃক বাস্তবায়িত সৌর সেচ প্রকল্পের অভিজ্ঞতা Specific Experience হিসেবে বিবেচনার বিষয়ে সিপিটিইউ'র মতামত।

সূত্রঃ বিএডিসি'র পত্র নং ১২.০৬.০০০০.২৫১.১৪.০১২.১৯.১৬৬, তারিখ ০৪/১১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আদর্শ দরপত্র দিলে শর্তানুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের দরপত্রে অংশগ্রহণকারী দরপত্রদাতার (Tenderer) সমর্থনী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সুনির্দিষ্ট অভিজ্ঞতা থাকা আবশ্যিক। কোন ক্রয়কারীর সঙ্গে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী সরবরাহ সম্পন্ন করলেই কেবল উক্ত সরবরাহের জন্য সুনির্দিষ্ট অভিজ্ঞতা অর্জিত হয়। উল্লেখ্য, পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য ০৬টি সুনির্দিষ্ট ক্রয় পদ্ধতি পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এ বর্ণিত রয়েছে। আইন ও বিধির আলোকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ক্রয়কারী উক্ত পদ্ধতিসমূহের যেকোন একটি পদ্ধতি অনুসরণ করে ক্রয়কার্য সম্পন্ন করতে পারে।

০২। এমতাবস্থায় ক্রয়কারীর (IDCOL) সঙ্গে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের চুক্তি সফলভাবে বাস্তবায়ন শেষে IDCOL কর্তৃক সংশ্লিষ্ট দরদাতার অনুকূলে ইস্যুকৃত অভিজ্ঞতার সনদ দরপত্র দিলে শর্তানুযায়ী বিবেচনা করা যেতে পারে।

০৩। সূত্রে বর্ণিত পত্রের ভিত্তিতে নির্দেশক্রমে এ মতামত প্রদান করা হলো।

প্রধান প্রকৌশলী,
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন, ৪৯-৫১, দিলকুশা বা/এ
ঢাকা।

(মোঃ মাহফুজার রহমান)
উপপরিচালক(উপসচিব)
ফোনঃ ০২-৪৮১১৯৪০০

সদয় অবগতির জন্য অনুরোধ।

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।